# "অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক" অংশীজনের অংশগ্রহণে প্রশিক্ষণের হাজিরা সীট

উপজেলার নামঃ বাকেরগঞ্জ জেলার নামঃ বরিশাল। তারিখঃ.......................... খ্রিঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | সমবায়ের নাম ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | হোসনেয়ারা | ০১৮-৯০১৮৬৪৬৬ | ফুলতলী পুরুষ জীবন মান উন্নয়ন সমবায় সমিতি লিমিটেড | হোসনেয়ারা |
| ২। | ফরিদা | ০১৭৫৮৮-১১১৩ | " | ফরিদা |
| ৩। | আমেনা | ০১৬২৩৪৪২২৬৬ | " | আমেনা |
| ৪। | কারুজাহান | ০১৭৮৮-১৭৮১৩৯ | " | কারুজাহান |
| ৫। | কহিনুর | ০১৭৮৯৩৮৪৩৫৬ | " | কহিনুর |
| ৬। | কৃষ্ণ | ০১৭২৫৩৭৫৮-১৬ | জীবন উন্নয়ন স্বাবলম্বী স. স. লি | কৃষ্ণ |
| ৭। | সুনিল | ০১৭২৫৭৩০০৪০ | " | সুনিল |
| ৮। | ইব্রাহিম | ০১৭৪৮-২৪৬৪৬৬ | " | [illegible] |
| ৯। | রিয়াজ | ০১৪৪৯৮০৬১০৪ | " | রিয়াজ |
| ১০। | লিটন হাওলাদার | ০১৭২৬৫২২০৭২ | সুন্দরকাঠী আশ্রয়ন-২ স.স.লি | মোঃ লিটন হাও |
| ১১। | জামাল আহাম্মদ | ০১৭১৮-২৬৭২০৬ | সুন্দরকাঠী আশ্রয়ন-২ স.স.লি. | Jamal Ahmed |
| ১২। | বেলাল মুন্সী | ০১৭২২৭০৬২৫৫ | " | মোঃ বেলাল মুন্সী |
| ১৩। | দেলোয়ার | ০১৬০১৭৭১০৪৭৬ | " | দেলোয়ার |
| ১৪। | মোঃ আবুল বাশার | ০১৭২৮-৫৩৭১৫৬ | পোনাবালিয়া আশ্রয়ন-২ স.স.লি | আবুল বাশার |
| ১৫। | মিলন তালুকদার | ০১৭১৩৮৪৭৬৮ | " | মিলন তালুকদার |
| ১৬। | জলিলুর রহমান | ০১৭১২-৯০৮২৪০ | " | জলিলুর রহমান |
| ১৭। | মোঃ জামাল হোসেন | ০১৭১৫৬২ ৪৪৫৭ | সুন্দরকাঠী সাবিনা গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিমিটেড | [illegible] |
| ১৮। | মো নূর আবুল বাশার | ০১৭ ১৬০ ৭২০০০ | " | বাশার |

বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
বাকেরগঞ্জ, বরিশাল।

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি: মো: সাইদুর রহমান
স্থান: উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল;
তারিখ: ০৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি., রোজ বৃহস্পতি বার
বেলা: ১১.০০ ঘটিকা।

**উপস্থিতির তালিকা: পরিশিষ্ট-ক**

অদ্যকার সভার সভাপতি জনাব মো: সাইদুর রহমান, উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল এর সভাপতিত্বে সভার কার্য শুরু হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। সভাপতি অদ্যকার সভার আহবান ও উদ্দেশ্য সম্পর্কে বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ খ্রি: এর সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে আমাদের প্রতি কোয়াটারে একটি সভা করার বাধ্যবাধকতা আছে । সেজন্য অত্র জেলার কর্মকর্তা, কর্মচারী ও সমবায়ীদের অংশগ্রহণে এই বছরের প্রথম সভার আয়োজন করা । তিনি এই সভার উদ্দেশ্য বর্ননা করে বলেন যে, আমাদের প্রতিটি ক্ষেত্রে সুশাসন প্রতিষ্টা করতে হবে । সমবায় বিভাগের কর্মকর্তা, কর্মচারীদের ক্ষেত্রে সুশাসন হল তাদের উপর অর্পিত দায়িত্ব সততা, নিষ্ঠা ও সময়মত সম্পাদন করা । তেমনিভাবে সমবায় সমিতির ক্ষেত্রে শুদ্ধাচার হ'ল সমিতির খাতাপত্র নিয়মিত হালনাগাদ রাখা, প্রতি মাসে একটি ব্যবস্থাপনা কমিটির সভা করা এবং রেজুলেশন খাতায় লিপিবদ্ধ করা, কর্তৃপক্ষের চাহিদার প্রেক্ষিতে হিসাবদি সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা । বার্ষিক অডিট সম্পাদন করা অডিট সম্পাদনের পর অডিট সংশোধনী প্রতিবেদন কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করা , অডিট সম্পাদনের ৬০ দিনের মধ্যে বার্ষিক সাধারন সভা করা , কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বার্ষিক সাধারন সভায় অনুমোদন গ্রহণ ও কর্মচারীদের জন্য সার্ভিস রুল প্রনয়ন করা । খরচের ক্ষেত্রে ভাউচার ও আদায়ের ক্ষেত্রে রশিদ সংরক্ষণ করা প্রভৃতি বিষয়ে সমিতি যদি যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন তবে সমিতির ক্ষেত্রে সুশাসন প্রতিষ্টা হবে ।

তিনি অদ্যকার সভায় উপস্থিত সকলকে উপজেলা সমবায় দপ্তরের সেবা সম্পর্কে , কোন অভিযোগ থাকলে তা উপস্থাপন করার আহবান জানান । উপস্থিত সমবায়ী ও সেবা প্রত্যাশীদের মধ্যে নিম্নলিখিত ব্যক্তিগণ সভায় অভিযোগ উপস্থান করেন এবং সে বিষয়ে প্রতিকার করা হয় ;

জনাব হোসনেয়ারা ,সভাপতি, কৃষ্ণকাঠী নতুন জীবন সব্জি উৎপাদনকারী সমবায় সমিতি লি: সাহেব জনাব মো: সাইদুর রহমান উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ বরিশাল মহোদয়কে কে অদ্যকার সভা আয়োজন করার জন্য ধন্যবাদ জানিয়ে, বলেন যে, বিগত ০৩ বছর মহামারী করোনা (কোভিট-১৯) কারনে সমবায় সমিতি গুলোর আর্থিক অবস্থা খুবই নাজুক পরিস্থিতির মধ্যে পতিত হয়েছে । সমিতির কার্যক্রম দীর্ঘদীন বন্ধ ছিল । এহেন পরিস্থিতিতে সমবায় অধিদপ্তর আমাদের কোন খোঁজ খবর রাখেন নাই । সমবায় অফিস যদি পত্র দিয়ে আমাদের উৎসাহ প্রদান করত তবে আমরা উৎসাহিত হতাম । তিনি আরো বলেন যে, আমাদের জন্য পর্যাপ্ত প্রশিক্ষনের ব্যবস্থা নাই । তিনি প্রস্তাব করেন যে, উপজেলা সমবায় অফিসার , মহোদয় যদি আমাদের ঋণী সদস্যদের নিয়ে একটি সভার আয়োজন করত তবে আমারা উপকৃত হতাম । তিনি সমবায় ঋণ খেলাপীদের বিষয়ে উপজেলা সমবায় দপ্তরের মাধ্যমে কোন পদক্ষেপ নিলে আমরা উপকৃত হতাম । তিনি একটি সমবায় ইউনিয়ন করার প্রয়োজনীয়তা তুলে ধরেন তিনি বলেন যে, একটি সমবায় ইউনিয়ন থাকলে আমরা নিজেদের সমস্যাগুলো আলোচনা করে সমাধান করতে পারতাম । এ ব্যাপারে উপজেলা সমবায় অফিসার বলেন যে, কোভিড করেনার কারনে আমরা কম বেশী সবাই ক্ষতিগ্রস্থ হয়েছি । সমবায় সমিতি গুলোও এর ব্যতিক্রম নয় । সমবায় অধিপ্তরের বর্তমান ডিজি মহোদয় সমিতির মাধ্যমে প্রকল্প গ্রহণে আন্তরিক । এ ব্যাপরে তিনি ধৈয্য ধরার অনুরোধ করেন । প্রশিক্ষনের ব্যাপারে তিনি বলেন যে, আমাদের আগ্রহী সমবায়ীদের প্রশিক্ষণ প্রদানে কোন সমস্যা নাই । সমিতি তালিক প্রদান করলে আমরা প্রশিক্ষণের আয়োজন করব । সমবায় ইউনিয়নের ব্যাপারে উপজেলা সমবায় অফিসার একমত পোষণ করেন । সমবায় ব্যাংক হতে ঋণের ব্যাপারে তিনি বলেন যে, বর্তমানে সমবায় ব্যাংক সমিতিগুলোকে কোন ঋণ প্রদান করেন না । তবে সমবায় ব্যাংক গুলো যদি পুন:ঘটিত হয় তবে ঋণ প্রাপ্তি ঘটতে পারে ।

জনাব মো: লিটন হাওলাদার,সভাপতি, জীবন উন্নয়ন শ্রমজীবী সমবায় সমিতি লি:,অভিযোগ করেন যে, তারা চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ পাচ্ছেন না ।

এ বিষয়ে উপজেলা সমবায় অফিসার,বাকেরগঞ্জ, বরিশাল মহোদয় বলেন যে, সমিতির সদস্যরা যদি প্রশিক্ষণ নিতে চান তবে সংশ্লিষ্ট সমবায় দপ্তরে তাদের প্রয়োজনীয় কাগজপত্র জমা রাখার পরামর্শ দেন । প্রশিক্ষণের সময় হলে তারা প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন । তিনি আরো বলেন যে, উপজেলা সমবায় কার্যালয়ের আওতায় সারা বছরই ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয় তারা এ প্রশিক্ষণ ও গ্রহণ করতে পারবেন । তিনি উপজেলা অফিসের সাথে যোগাযোগ রাখার পরামর্শ দেন ।

জনাব মো: ইব্রাহীম ,সম্পাদক , জীবন উন্নয়ন শ্রমজীবী সমবায় সমিতি লি:,অভিযোগ অভিযোগ করেন যে, সমিতির নীট লাভের উপর সমবায় উন্নয়ন তহবিলের টাকা ধার্য করা হয় । সমবায় উন্নয়ন তহবিল ধার্য করার কোন সীমা নাই । সমিতিগুলো নিয়মিত সমবায় উন্নয়েনের টাকা পরিশোধ করলেও সরকার থেকে সমিতিগুলোর উন্নয়নের জন্য কিছু করা হয়না । তিনি আরো বলেন যে, তারা ক্ষুদ্র ব্যবসায়ী তাদের উন্নয়নের জন্য সরকার যদি কোন প্রকল্প গ্রহণ করতো তবে তারা উপকৃত হতেন ।

এ ব্যাপারে উপজেলা সমবায় অফিসার বলেন যে, সমিতির অভিযোগের বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হবে। সমবায়ের উন্নয়নের জন্য প্রকল্পের ব্যাপারে তিনি বলেন যে, সরকারের অন্যান্য অফিস যেমন মৎস্য অফিস , জেলা প্রশাসকের কার্যালয় ও উপজেলা প্রশাসনের সাথে তারা যোগাযোগ করে বিভিন্ন সুবিধা পেতে পারে।

জনাব মো: জামাল আহম্মেদ, সভাপতি, সবুজ বাংলা সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় স: লি: বলেন যে, সমিতির একাধিক সদস্যের ঋণ আদায় হচ্ছে না এবং তিনি জনাব হোসনেয়ারা বেগম ,সভাপতি , কৃষ্ণকাঠী নতুন জীবন সব্জি উৎপাদনকারী সমবায় সমিতি লি: এর সমবায় ইউনিয়ন গঠন করার প্রস্তাবের সাথে একমত পোষন করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: সাইদুর রহমান
উপজেলা সমবায় কার্যালয়,
বাকেরগঞ্জ, বরিশাল।

